

‘স্বচ্ছ ভারত’ সপ্তাহ পালনে সামিল উজ্জীবন

প্রয়াগের প্রতিবেদন : এবার স্বচ্ছ ভারত সপ্তাহ পালনে সামিল হল উজ্জীবন ফিন্যান্সিয়াল সার্ভিসেস। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি'র স্বচ্ছ ভারত সপ্তাহ পালনের জন্য ব্যক্তিগতভাবে এগিয়ে এল এই সংস্থার।

২০১৯ সালের মধ্যে দেশে বিভিন্ন প্রান্তে স্বচ্ছতার ক্ষেত্রে এই সংস্থা কাজ করবে বলে জানা গেছে। জাতির জনক মহাত্মা গান্ধি ১৪৭ তম জন্মদিন উপলক্ষ্যে ৬৮টি শৌচাগার নির্মাণ করা হয় বীরভূম, বাটানগর, মুজফফরপুর এলাকায়।

সংস্থার এমডি তথা সিইও সুমিত ঘোষ জানান, আমরা খুবই আনন্দিত স্বচ্ছতায় অংশগ্রহণ করতে পেরে।

দূষণমুক্ত এলাকা তৈরি করাই আমাদের মূল লক্ষ্য। প্রতিটি গ্রাম, শহর যাতে স্বচ্ছ হয় তার জন্য শৌচালয় থাকা জরুরি। উজ্জীবনীর পক্ষ থেকে ২০১৯ সালের মধ্যে শৌচালয় নির্মাণের প্রকল্প নেওয়া হয়েছে। এতে স্বচ্ছ ভারত মিশন এগিয়ে যাবে। উজ্জীবনের সিডিপি দল স্কুল ছাত্র-ছাত্রীদের মধ্যে স্বচ্ছতার সচেতনতা বাড়াবে।